দৈনিক
ইত্তেফাক

তারিখ 01 AUG 2015
পৃষ্ঠা 2 কলাম ৫

# মানিকগঞ্জ ছাত্রলীগের ৬৭ নেতার পদত্যাগ

## সভাপতি ও সাধারণ সম্পাদকের প্রতি অনাস্থা

■ ইত্তেফাক রিপোর্ট

মানিকগঞ্জ জেলা ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদকের বিরুদ্ধে চাঁদাবাজি ও সন্ত্রাসসহ বিভিন্ন অভিযোগ এনে ছাত্রলীগের জেলা কমিটির অর্ধশতাধিক নেতা সংগঠন থেকে পদত্যাগ করেছেন। গতকাল শুক্রবার রাতে জেলা কমিটির ১৫২ সদস্যের মধ্যে সহ-সভাপতি, যুগ্ম সম্পাদক, সাংগঠনিক সম্পাদকসহ ৬৭ জন নেতা লিখিতভাবে পদত্যাগ করেন। তাদের সাথে সংগঠনের আরো কয়েকজন সহমত জানিয়েছেন বলেও দাবি করেন পদত্যাগকারীরা।

সভাপতি ও সাধারণ সম্পাদকের বিরুদ্ধে অনাস্থা জানিয়ে পদত্যাগকারী নেতারা বলছেন, বর্তমান কমিটি গঠনের পর জেলায় ছাত্রলীগের ভাবমূর্তি ক্ষুণ্ন হয়েছে। সভাপতি সাদিকুল ইসলাম সোহা ও সাধারণ সম্পাদক এনামুল হক রুবেল দলের ও দলের বাইরে লোকজনের কাছে চাঁদাবাজি করছেন। অর্থের বিনিময়ে বিভিন্ন জনকে নেতা বানাচ্ছেন ও শাখা কমিটি ঘোষণা করছেন।

কেন্দ্রীয় সভাপতি ও সাধারণ সম্পাদক বরাবর পদত্যাগের চিঠিতে বলা হয়, 'সোহা ও রুবেলের বিরামহীন চাঁদাবাজি, সন্ত্রাসী কর্মকাণ্ড, নৈরাজ্য সৃষ্টি, অসামাজিক ও অনৈতিক কর্মকাণ্ড, ছাত্রলীগের ইতিহাস ও ঐতিহ্য বিনষ্টকারী এবং জননেত্রী শেখ হাসিনার ভাবমূর্তি ক্ষুণ্ন করার প্রতিবাদে আমরা প্রতিবাদ করছি।'

এ প্রসঙ্গে ছাত্রলীগের নবনির্বাচিত কেন্দ্রীয় সভাপতি সাইফুর রহমান সোহাগ বলেন, মানিকগঞ্জ জেলা ছাত্রলীগের সভাপতিসহ কয়েকজন নেতার বিরুদ্ধে কয়েকটি অভিযোগ পেয়েছি। অভিযোগ খতিয়ে দেখতে কাল (আজ শনিবার) তদন্ত কমিটি গঠন করা হবে। তদন্তে দোষী সাব্যস্ত হলে তাদের সংগঠন থেকে বহিষ্কার করা হবে। তিনি দাবি করেন, মানিকগঞ্জের ঐ নেতারা গতকাল রাত পর্যন্ত পদত্যাগ করেননি।